



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

Dinajpur Govt. College, Dinajpur

www.dgc.edu.bd



☎:0531-63360, ☎:0531-61953

E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/উ.বৃত্তি/১ম বর্ষ অনার্স/১৯-২০/২০২০/১৯৬

তারিখ: ০৮ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স শ্রেণির ফরমপূরণকৃত ছাত্র-ছাত্রীদের নিকট থেকে দরিদ্র তহবিল হতে সাহায্যের জন্য দরখাস্ত আহ্বান।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স শ্রেণির পরীক্ষার ফরম পূরণকারী নিয়মিত ছাত্র-ছাত্রীদের মধ্যে থেকে দরিদ্র তহবিল হতে সাহায্যের জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। আবেদনপত্রের সাথে ফরম পূরণের রশিদের ফটোকপি, ০১ (এক) কপি সত্যায়িত ছবি, এস.এস.সি. ও এইচ.এস.সি. এর নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/মেয়র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত অভিভাবকের আর্থিক অবস্থার প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। অধ্যক্ষ বরাবর আবেদনপত্র নিজ নিজ বিভাগে জমা দিতে হবে। বোর্ড বৃত্তি/সরকারি কোন আর্থিক সাহায্য/ফুল ফ্রি/হাফ ফ্রি প্রাপ্ত ছাত্রছাত্রী আবেদন করতে পারবে না।

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ২৮/০৩/২০২১ খ্রিস্টাব্দ;

সাক্ষাৎকার তারিখ এবং সময়: বিভাগ নির্ধারিত।

সম্মানিত বিভাগীয় প্রধানগণকে আবেদনকারীদের কাগজপত্র যাচাই এবং তাদের সাক্ষাৎকার প্রক্রিয়া সম্পন্ন করে নির্বাচিত দরিদ্র ছাত্র-ছাত্রীদের তালিকা আবেদনপত্রসহ বৃত্তি ও অনুদান কমিটির আহ্বায়কের নিকট আগামী ৩০/০৩/২০২১ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

প্রতি স্বাক্ষর

(প্রফেসর মোঃ আব্দুস সালাম আজাদ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

(ড. আব্দুল মালেক)

আহ্বায়ক

বৃত্তি ও অনুদান কমিটি

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

স্মারক নং-

তারিখ:

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র কলেজ।
- ২। আহ্বায়ক, বৃত্তি ও অনুদান কমিটি, অত্র কলেজ।
- ৩। ওয়েব সাইট কপি, অত্র কলেজ।
- ৪। অফিস নথি।